গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,কিশোরগঞ্জ
স্থানীয় সরকার শাখা
www.kishoreganj.gov.bd

স্মারক নম্বর: ৪৬.৪১.৪৮০০.০১০.০৩.০২৬.২৬-৪১৫

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩৩
৩০ জুলাই ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ২৭ এপ্রিল ২০২৬ তারিখের ৪৬.০১৮.০১১.০০.০০.০০১.২০১১ (অংশ-১)-১৪০ নম্বর স্মারকে জারিকৃত ছাড়পত্রের প্রেক্ষিতে কিশোরগঞ্জ জেলার স্থানীয় সরকার বিভাগের আওতাধীন বিভিন্ন ইউনিয়ন পরিষদে "হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর" পদে অস্থায়ীভিত্তিতে শূন্য পদ পূরণ এবং প্যানেল প্রস্তুতের নিমিত্ত কিশোরগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত চাকরির আবেদন ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ৬৮ (আটষট্টি) টি | ৯৩০০-২২৪৯০/-(গ্রেড-১৬) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; (গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ থাকতে হবে। |

**আবেদনের শর্তাবলী:**

১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং কিশোরগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। সরকারের নির্দেশনা মোতাবেক উক্ত পদের বেতনের ৭৫% সরকারি অনুদান থেকে এবং ২৫% ইউনিয়ন পরিষদের নিজস্ব আয় থেকে নির্বাহ করা হবে।

৩। সরকার কর্তৃক নির্ধারিত চাকরির আবেদন ফরমে 'জেলা প্রশাসক, কিশোরগঞ্জ'কে সম্বোধন করে আগামী ০২ আগস্ট ২০২৬ খ্রি. হতে ০৩ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ এ পৌঁছাতে হবে। সরাসরি বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন প্রেরণ করা যাবে না। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বামপার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরম এবং প্রবেশপত্র জেলা প্রশাসক, কিশোরগঞ্জ এর ওয়েবসাইট: www.kishoreganj.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

৪। প্রার্থীর বয়সসীমা ০৩ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে।শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। (বয়সসীমা নির্ধারণের ক্ষেত্রে ১৮ নভেম্বর ২০২৪ তারিখে প্রকাশিত বাংলাদেশ গেজেটের অধ্যাদেশ নং – ১১, ২০২৪ অনুসরণ করা হয়েছে।)

৫। এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ (সংশোধিত ২০১৬) এবং এতদসংক্রান্ত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে।

৬। যে কোন তফসিলী ব্যাংক হতে জেলা প্রশাসক, কিশোরগঞ্জ-এর অনুকূলে নির্বাচনী পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

৭। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

(ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত জায়গায় সংযুক্ত করতে হবে। ছবির পেছনের পৃষ্ঠায় উপরের দিকে প্রার্থীর সম্পূর্ণ নাম লিখতে হবে এবং নিচে সত্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবীযুক্ত স্পষ্ট সীল ও স্বাক্ষর থাকতে হবে।

(খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের ছায়ালিপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ।

(ঘ) জাতীয় পরিচয়পত্র, সংশ্লিষ্ট পৌরসভার প্রশাসক/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ এবং জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি।

(ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা এবং শহীদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র;

(চ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/প্রশাসক অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, তৃতীয় লিঙ্গ এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন/সনদপত্র।

(জ) পদের ও প্রার্থীর নাম-ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেটযুক্ত ৯ $\frac{১}{২}$ ইঞ্চি × ৪ $\frac{১}{২}$ ইঞ্চি আকারের একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

(ঝ) প্রবেশপত্রে "প্রার্থী কর্তৃক পূরণীয়" অংশ যথাযথভাবে পূরণ করে ০২(দুই) কপি প্রবেশপত্র আবশ্যিকভাবে আবেদন পত্রের সাথে দাখিল/প্রেরণ করতে হবে।

৮। কোটা সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখার ২৩/০৭/২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ নং প্রজ্ঞাপনে প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হবে এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি/বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৯। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১০। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/স্বাক্ষরবিহীন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১১। ইতোপূর্বে এ কার্যালয় হতে ২৯/১০/২০১৯ তারিখের ৪৬.৪১.৪৮০০.০১০.০৩.০৩২.১৯-২৯২ নম্বর স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক যারা আবেদন করেছেন, তাদের উল্লিখিত পদে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

১২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন দাখিল করতে হবে। এক্ষেত্রে আবেদনের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১৩। কোটাধারী প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

১৪। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে আবেদন পত্র/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতার সনদ, কোটা সম্পর্কিত প্রমাণক/সনদপত্রের মূলকপি উপস্থাপন/দাখিল করতে হবে।

১৬। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবীর প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ/বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৭। উক্ত নিয়োগের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের ২১ জানুয়ারি ২০২৬ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.৯৯.০২৪.১৯ (অংশ-১)– ১৫ নং স্মারকপত্রের নির্দেশনা অনুসরণ করা হবে।

১৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৯। জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন যে কোন বিষয়ে সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২০। চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশনে এবং স্বাস্থ্য পরীক্ষায় অনুপযুক্ত বিরূপ মন্তব্য পাওয়া গেলে নিয়োগ বাতিলযোগ্য হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

২১। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।

৩০/৭/২৬

সোহানা নাসরিন
জেলা প্রশাসক
কিশোরগঞ্জ
ফোন: ০২-৯৯৭৭৬১৪৯০
ই-মেইল: dckishoreganj@mopa.gov.bd

স্মারক নম্বর: ৪৬.৪১.৪৮০০.০১০.০৩.০২৬.২৬-৪১৫(১৫০)

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩৩
৩০ জুলাই ২০২৬

অনুলিপি: সদয় অবগতির জন্য

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা;
০৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা;
০৪। জেলা প্রশাসক, ..............................(সকল);

অনুলিপি: অবগতি **ও** বহুল প্রচারের জন্য

০১। পুলিশ সুপার, কিশোরগঞ্জ;
০২। সিভিল সার্জন, কিশোরগঞ্জ;
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কিশোরগঞ্জ;
০৪। প্রশাসক (সকল), উপজেলা পরিষদ, ..........................., কিশোরগঞ্জ;
০৫। প্রশাসক (সকল), ........................... পৌরসভা, কিশোরগঞ্জ;
০৬। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কিশোরগঞ্জ;
০৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল) , ..........................., কিশোরগঞ্জ;
০৮। সিনিয়র তথ্য অফিসার, কিশোরগঞ্জ;
০৯। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, এ কার্যালয়, কিশোরগঞ্জ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ....................................।তাঁহাকে বিজ্ঞপ্তিটি একদিনের জন্য বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো;
১১। চেয়ারম্যান/প্রশাসক..............................ইউনিয়ন পরিষদ (সকল), ..........................., কিশোরগঞ্জ;
১২। নোটিশ বোর্ড।

৩০/৭/২৬

জেলা প্রশাসক
কিশোরগঞ্জ

# চাকরির আবেদন ফরম

বরাবর
জেলা প্রশাসক
কিশোরগঞ্জ

সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি রঙিন ছবি

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | | | তারিখ: | | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে): | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | | | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | | ৬. জন্মস্থান (জেলা): | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | | বছর | মাস | দিন | |
| ৮. | মাতার নাম: | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | |
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী | | | |
| | বাসা ও সড়ক (নাম ও নম্বর): | | | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | | | | |
| | ইউনিয়ন/ ওয়ার্ড: | | | | | |
| | ডাকঘর: | | | | | |
| | পোষ্ট কোড নম্বর: | | | | | |
| | উপজেলা: | | | | | |
| | জেলা: | | | | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে): | | | |
| ১২. | জাতীয়তা: | | ১৩. | লিঙ্গ: | | |
| ১৪. | ধর্ম: | | ১৫. | পেশা: | | |
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | শারীরিক প্রতিবন্ধী | | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | অন্যান্য (উল্লেখ করুন): | | | |
| ২০. | ব্যাংক ড্রাফট/পে অর্ডার নম্বর: | | তারিখ: | | | |
| | ব্যাংক ও শাখার নাম: | | | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ:

**প্রার্থীর স্বাক্ষর**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,কিশোরগঞ্জ
স্থানীয় সরকার শাখা
www.kishoreganj.gov.bd

(ছবি আঠা দিয়ে লাগাতে হবে)

**হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগ পরীক্ষা-২০২৬**

**প্রবেশপত্র**

| **(অফিস কর্তৃক পূরণীয়)** | **(প্রার্থী কর্তৃক পূরণীয়)** |
|---|---|
| রোল নম্বর : ................................ | পদের নাম : ................................ |
| পরীক্ষা কেন্দ্রের নাম : ................................ ................................ | নাম : ................................ |
| পরীক্ষার তারিখ : ................................ | পিতা/স্বামীর নাম: ................................ |
| পরীক্ষার সময় : ................................ | বর্তমান ঠিকানা : ................................ ................................ |
| | উপজেলা : ................................ |
| | জেলা : ................................ |
| অফিসের সীল ও স্বাক্ষর : ................................................ | প্রার্থীর স্বাক্ষর : ...................................................... |

**বিশেষ নির্দেশাবলি:**

১। পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় প্রবেশপত্রটি প্রদর্শন করতে হবে।

২। মোবাইল ফোন, ক্যালকুলেটর ও কোন ইলেক্ট্রনিক্স সামগ্রী নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।

৩। পরীক্ষা শুরুর ১৫ মিনিট পূর্বে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।

৪। প্রয়োজনীয় কলম, পেন্সিল ইত্যাদি পরীক্ষার্থীর সাথে আনতে হবে।

৫। প্রবেশপত্র ছাড়া কোন কাগজপত্র পরীক্ষার্থীর নিকট পাওয়া গেলে তাকে পরীক্ষায় অংশগ্রহণ হতে বিরত রাখা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের জন্য এটি পরবর্তী ব্যবহারিক/মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে। নতুন করে কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

৭। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না।

৮। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার ফলাফল জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ-এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (www.kisoreganj.gov.bd) প্রকাশ করা হবে।

৯। কর্তৃপক্ষ পরীক্ষা বাতিলসহ যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

**বি: দ্র: "প্রার্থী কর্তৃক পূরণীয়" অংশ যথাযথভাবে পূরণ করে ০২ (দুই) কপি প্রবেশপত্র আবশ্যিকভাবে আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।**